



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র: ১৬(৮৬২)জাতীঃবিঃ/প্রশিক্ষণ/মান্বা/২০২২/৩৭৫২

তারিখ: ২০/০৯/২০২৩

“ট্রেনিং ফর টিচার্স অন মেন্টাল হেলথ” শিরোনামে প্রশিক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি


জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণের জন্য “ট্রেনিং ফর টিচার্স অন মেন্টাল হেলথ” শিরোনামে প্রশিক্ষণ অনলাইনে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত প্রশিক্ষণের ৬ষ্ঠ ও ৭ম ব্যাচ যথাক্রমে আগামী ০১ অক্টোবর হতে ০৭ অক্টোবর ২০২৩ এবং ২১ অক্টোবর হতে ২৭ অক্টোবর ২০২৩-এ অনুষ্ঠিত হবে। অনলাইনে অনুষ্ঠিতব্য এই প্রশিক্ষণ কার্যক্রম কার্যকর ও সফলভাবে সম্পন্ন হতে সন্তোষজনক প্রতিক্রিয়া প্রদানকারীরা আইসিটি সক্ষমতা যাচাই এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইসিটি সক্ষমতা যাচাই এর জন্য একটি প্রশ্নমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। অনলাইন প্রশিক্ষণে মনোনিবেশিত স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণকে উক্ত প্রশ্নমালা সঠিকভাবে পূরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

** আইসিটি সক্ষমতা বিষয়ক তথ্য প্রেরণের সময়সীমা: ২০/০৯/২০২৩ থেকে ৩০/০৯/২০২৩।

** প্রশিক্ষণের মেয়াদ: ৭ (সাত) দিন।

** সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,


২০/০৯/২০২৩

(মো: হাছানুর রহমান)

পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল ফেসবুক পেজ: <http://www.facebook.com/ttnubdOfficial>

শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস) তথ্যসেবা (অফিস সময়-হোয়াটসঅ্যাপ টেক্সট): ০১৯১৫৭২৬৫৭৬, ইমেইল (যেকোন সময়): ttis@nu.ac.bd

প্রশ্নমালা পূরণ / আবেদন Submit করার নিয়মাবলী:

ইতোমধ্যে যে সকল শিক্ষক প্রশিক্ষণের জন্য ব্যবহৃত অনলাইন ডাটাবেজ TTIS-এ আইডি তৈরি করেছেন, তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-www.nu.ac.bd এর TRAINING মেন্যুর TTIS-Teachers Training Information System ডাটাবেজ-এ রেজিস্ট্রেশনকৃত TTIS College User Log in (কলেজ ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার) করে TTIS ডাটাবেজ এ প্রবেশ করে Training Application Panel মেন্যুর মধ্যে Application Page সাব-মেন্যু ব্যবহার করে আবেদন প্রেরণ করার পূর্বে অবশ্যই অধ্যক্ষ/উপাধ্যক্ষ মহোদয় এর মৌখিক অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থীতা নিশ্চিতকরণের প্রশ্নমালা/আবেদন Submit করতে অনুরোধ করা যাচ্ছে। Accept আইডিধারী শিক্ষকগণই কেবল আবেদন করতে পারবেন, যাদের তথ্য Deny (No Academic Info.) আছে; তারা দ্রুত তাদের স্ব স্ব TTIS প্রোফাইল-এর একাডেমিক তথ্য আপডেট করার পর TTIS সফটওয়্যার লগইন পেজে উল্লিখিত হেল্পলাইন হোয়াটসঅ্যাপ নম্বরে (০১৯১৫৭২৬৫৭৬) বিস্তারিত টেক্সট অথবা হেল্পলাইন মেইলে (ttis@nu.ac.bd) বিস্তারিত মেইল করলে ফিরতি বার্তায়/মেইলে আপনাকে অবহিত/নিশ্চিত করা হবে।

(বি.দ্র.: সার্ভে প্রশ্নমালার উত্তর একবারই প্রেরণ করা যাবে, একাধিকবার সাবমিট/মোডিফাই করার সুযোগ নেই)

আইসিটি সক্ষমতা যাচাই লিংক:

TTIS QUICK LINK: **SCAN QR CODE**

and


NU WEBSITE LINK/URL: <https://www.nu.ac.bd>

সূত্র: ১৬(৮৬২)জাতীঃবিঃ/প্রশিক্ষণ/মান্বা/২০২২/৩৭৫২

তারিখ: ২০/০৯/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি


২০/০৯/২০২৩

উপ-পরিচালক


শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়



SCAN THIS CODE :
OFFICIAL FACEBOOK
TEACHERS TRAINING FANPAGE

LIKE FANPAGE
&
QUICK LOGIN
TTIS



SCAN THIS CODE :
TTIS-TEACHERS TRAINING INFORMATION
SYSTEM LOGIN PAGE